**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) পরিবেশগত ভারসাম্যের ক্ষতি না করে, আধুনিক প্রযুক্তির মাধ্যমে আরও বেশি পরিমানে ফসল উৎপাদনের কৌশল অবলম্বনের উপর গুরুত্ব আরোপ করেছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।**

**(২) বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, দূষণ মুক্ত পরিবেশ গড়তে হলে সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে।**

**(৩) পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ২০৫তম জন্ম দিবস রাজ্যে যথাযথ মর্যাদায় উদযাপিত হয় ।**

**(৪) সপ্তম রাষ্ট্রীয় পোষণ মাস উপলক্ষে এখন পর্যন্ত দেশব্যাপী ন'কোটি বিশ লক্ষেরও বেশি অনুষ্ঠান হয়েছে।**

**(৫) রাজ্যভিত্তিক কলা উৎসবের উদ্বোধন করেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা ।**

*****************************************

**Agriculture-Governor :**

পরিবেশগত ভারসাম্যের ক্ষতি না করে, আধুনিক প্রযুক্তির মাধ্যমে আরও বেশি পরিমানে ফসল উৎপাদনের কৌশল অবলম্বনের উপর গুরুত্ব আরোপ করেছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। আজ লেম্বুছড়ায় কৃষি মহাবিদ্যালয়ে জলবায়ু সহনশীল স্থিতিস্থাপক

কৃষি ব্যবস্থায় আধুনিক ও অভিনব প্রযুক্তি ও গাছের স্বাস্থ্য বিষয়ক জাতীয় পর্যায়ের এক সম্মেলনের উদ্বোধন করে রাজ্যপাল একথা বলেন। তিনি বলেন, মাটির উর্বরতা শক্তি যেমন বজায় থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি উদ্ভাবিত কৃষি ও চাষ পদ্ধতির সুফল গ্রামীন স্তরে পৌছে দিতে কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলোর সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রাখার জন্য কৃষিবিদদের পরামর্শ দেন। কৃষি উৎপাদন বৃদ্ধি ও গাছে পোকা ও রোগদমনের জন্য ড্রোণ, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোট ইত্যাদি অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারেরও পরামর্শ দেন তিনি। রাজ্যপাল বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০৪৭ সালের মধ্যে আমাদের দেশকে এক উন্নত দেশ হিসাবে গড়ে তোলার যে পরিকল্পনা নিয়েছেন তাতে কৃষি ব্যবস্থারও গুরুত্বপূর্ণ ভুমিকা রয়েছে। ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির জন্য কৃষির সঙ্গে সঙ্গে পশুপালন অনেক লাভদায়ক হবে বলে তিনি মত ব্যক্ত করেন। অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত বিশিষ্ট কৃষিবীদ ও কৃষিগবেষকদের পুরস্কৃত করা হয়। Indian Phytopathologycal of Agriculture Society IPS, Academy for Advancement of Agriculture Society-AAAS এবং কৃষি মহাবিদ্যালয় যৌথ ভাবে এই সম্মেলনের আয়োজন করে।

***************************

**Animesh Debbarma :**

বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, দূষণ মুক্ত পরিবেশ গড়তে হলে সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে। সুকান্ত একাডেমিতে আজ ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে আয়োজিত পূজা আয়োজক সংস্থা এবং ক্লাব কর্মকর্তা সহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিদের নিয়ে আয়োজিত মতবিনিময় সভার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন মানুষ যতদিন পর্যন্ত সচেতন না হবে ততদিন দূষণ নিয়ন্ত্রণ করা যাবে না। তিনি বলেন এব্যাপারে উৎসাহ বৃদ্ধির

লক্ষ্যে এবার পূজায় যেসব ক্লাবগুলি পূজা মণ্ডপের সামনে স্বচ্ছতার বার্তাযুক্ত ফ্ল্যাগ বা ফেস্‌টুন ব্যবহার করবে তাদের সংশ্লিষ্ট দপ্তরের পক্ষ থেকে আর্থিক অনুদান দেওয়া হবে। মন্ত্রী বলেন উৎসবে মাত্রা বজায় রেখে আনন্দ করা উচিত। আলোচনায় পশ্চিম ত্রিপুরার জেলা শাসক ডঃ বিশাল কুমার ক্লাব কর্মকর্তাদের প্রশাসনের নিয়মাবলী ও মানুষের আকাঙ্খার মধ্যে সামঞ্জস্য রেখে পূজার আয়োজন করার পরামর্শ দেন। তিনি জানান নিয়মাবলী লঙ্ঘনকারীদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে।

শব্দ বর্ধক যন্ত্র ব্যবহারের ক্ষেত্রে এবার ৭দিন আগে SDPO-র কাছ থেকে সম্মতি নিতে হবে বলে জানানো হয়। সভায় অন্যান্যদের মধ্যে পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত পুলিশ সুপার ধ্রুব নাথ, বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব কে শশীকুমার, অধিকর্তা মহেন্দ্র সিং ও ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের মেম্বার সেক্রেটারি বিশু কর্মকার উপস্থিত ছিলেন।

**************************

**State Level-Vdyasagar :**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ২০৫তম জন্মজয়ন্তী উপলক্ষে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য্য, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী ও দিল্লি ইগনো থেকে আগত অধ্যক্ষ অরবিন্দ মাহাতো। শ্রী মজুমদার পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সমাজ সংস্কার ও সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে আলোচনা করেন। তিনি বলেন বিদ্যাসাগরের সাহিত্য ও সংস্কারমূলক চিন্তাভাবনাকে ভবিষ্যত প্রজন্মের সামনে তুলে ধরতে হবে।

**************************

**Vidyasagar-Bani Vidyapith :**

পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদিন উপলক্ষে বিধান শিশু উদ্যান মেধা অন্বেষার উদ্যোগে আজ বাণীবিদ্যাপীঠ দ্বাদশ শ্রেনি বালিকা বিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে গুনীজন সম্মাননা প্রদান করা হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, বিধায়ক জীতেন্দ্র মজুমদার ও ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রাজেশ ভৌমিক, বিদ্যালয়ের সহকারী-প্রধান শিক্ষিকা দীপ্তি দেববর্মা। স্বাগত ভাষন দেন সংস্থার রাজ্য কনভেনার মনোজ রায়।

****************************

**Vidyasagar-Khowai, South :**

খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত খোয়াই পুরাতন টাউন হলে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী পালন অনুষ্ঠানে আজ  বিধায়ক পিনাকী দাস চৌধুরী, জিলা পরিষদের সহ-সভাপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, পুর চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে তিনজন গুণী ব্যক্তিকে সংবর্ধনা জানানো হয়।

বিলোনিয়ায় পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জম্মজয়ন্তী উপলক্ষে ভাষা-ভাস্কর বিদ্যাসাগর: ফিরে দেখা"-  শীর্ষক আলোচনাচক্রে বক্তব্য রাখেন বিলোনিয়া আই টি আই 'র অধ্যক্ষ সোমরাজ মজুমদার, পানিসাগর সরকারী ডিগ্রী কলেজের অধ্যাপক, গবেষক ড. সৌভিক বাগচি, কলেজের অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাস, শিক্ষক সংসদের সম্পাদক ড. বিমল কিশোর আচার্য প্রমুখ।

********************************

**Poshan Mah :**

সপ্তম রাষ্ট্রীয় পোষণ মাস উপলক্ষে এখন পর্যন্ত দেশব্যাপী ন'কোটি বিশ লক্ষেরও বেশি অনুষ্ঠান হয়েছে। অ্যানিমিয়া প্রতিরোধে প্রায় এক কোটি ৮৮ লক্ষ, বৃদ্ধি পর্যবেক্ষণে এক কোটি আটষট্টি লক্ষ এবং প্রায় এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ কার্যক্রম পরিপূরক খাদ্য বিষয়ে অনুষ্ঠিত হয়। "পোষন ভি পড়াই ভি" উদ্যোগে প্রায় এক কোটি ঊনপঞ্চাশ লক্ষ অনুষ্ঠান হয়েছে। নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক বলেছে যে এই বছরের পোষন মাসে শীর্ষস্থানীয় রাজ্যগুলি হল মহারাষ্ট্র, বিহার, মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ, গুজরাট এবং অন্ধ্রপ্রদেশ।

***************************

**Kala Utsav :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ আগরতলায় ত্রিপুরা ট্রাইবেল ওয়েলফেয়ার রেসিডেন্সিয়াল এডুকেশনাল ইনস্টিটিউশনাল সোসাইটির উদ্যোগে একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলে রাজ্যভিত্তিক কলা উৎসবের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে সুপারিবাগানস্থিত দশরথ দেব মেমোরিয়াল হলে কলা উৎসবের সঙ্গে কালচারেল ও লিটারেসি ফেস্টেরও আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে জনজাতি কল্যাণমন্ত্রী বলেন, রাজ্যে ইতিমধ্যে ৬টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল বিদ্যালয় রয়েছে। আরও ৬টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল বিদ্যালয় নির্মাণের কাজ চলছে। কলা উৎসবে রাজ্যের ৬টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ নিয়েছে। কলা এই উৎসবে সংগীত, নৃত্য ও নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস, টিআরপি ও পিটিজি দপ্তরের অধিকর্তা নগেন্দ্র দেববর্মা, টিআরএনসিআইটির অধিকর্তা আনন্দহরি জমাতিয়া প্রমুখ।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ আগামীকাল পর্যন্ত গ্রহণ করা হবে।

**************************

**Vidhyasagar :**

রাজ্য তথ্য সংস্কৃতি দপ্তর ও আগরতলা পুরনিগমের ৪০ নম্বর ওয়ার্ডের যৌথ উদ্যোগে আজ পশ্চিম ত্রিপুরা জেলা ভিত্তিক পন্ডিত ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজধানীর ড্রপ গেইটস্হিত বিদ্যাসাগর স্মৃতি প্রাঙ্গনে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী। তিনি বলেন, মহিলাদের সম্মান রক্ষা করার জন্য তিনি যে আন্দোলনের ডাক দিয়েছিলেন, তা আজও প্রাসঙ্গিক এবং নতুন প্রজন্মের তাঁর আদর্শ ও কর্ম ধারা বিশেষভাবে অনুসরণ করা উচিত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য সংস্কৃতি দফতরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, পুরনিগমের  কর্পোরেটর সম্পা সরকার চৌধুরী ও অলক রায় সহ অন্যান্যরা।

****************************

**Vidyasagar-Unakoti :**

ঊনকোটি জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আজ ফটিকরায়ের আম্বেদকর মহাবিদ্যালয়ে ঊনকোটি জেলাভিত্তিক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে উদ্বোধনী ভাষণে তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জীবনাদর্শ বিস্তারিত উল্লেখ করেন। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারি অধ্যাপক ড. মলয় দেব, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার।

****************************

**AIDSO-Vidyasagar :**

অল ইন্ডিয়া সেভ এডুকেশন কমিটি আজ ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগরের জন্মদিনটি "শিক্ষা বাঁচাও" দিবস হিসাবে পালন করে। সংগঠনের উদ্যোগে আজ আগরতলা স্টেট মিউজিয়ামের সামনে ক্ষুদিরাম বসুর মূর্তির পাদদেশে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রতিকৃতিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন সংগঠনের নেতৃবৃন্দ। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জীবন দর্শন নিয়ে আলোচনা করেন সংগঠনের নেতৃবৃন্দ।

*****************************

**Vidyasagar-Maitri Samsad :**

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদিন উপলক্ষে আজ মৈত্রী সংসদের পক্ষ থেকে আগরতলার ড্রপগেটে বিদ্যাসাগরের আবক্ষ মূর্তির পাদদেশে এক স্মরণাঞ্জলি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিদ্যাসাগরের জীবন এবং কর্মজীবনের সার্বিক দিক উল্লেখ করে বক্তব্য রাখেন অধ্যাপক ডক্টর নারায়ন ভট্টাচার্য্য। মৈত্রী সংসদের সদস্য সদস্যরা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মূর্তিতে পুষ্পার্ঘ্য প্রদান করেন।

****************************

**Vidyasagar-Dhalai :**

ধলাই জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং বিদ্যালয়ে শিক্ষা দপ্তরের সহযোগিতায় গন্ডাতুইসা মহকুমার অন্তর্গত পি এম শ্রী কবিগুরু রবীন্দ্রনাথ স্মৃতি বিদ্যাভবনের ভবনে আজ ধলাই জেলাভিত্তিক পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মবার্ষিকী উপলক্ষে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন বিশিষ্ট সমাজসেবী বিকাশ চাকমা, উপস্থিত ছিলেন ধলাই জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা চন্দন সরকার, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিরঞ্জন কলই। অনুষ্ঠানে অতিথিবৃন্দ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন।

**************************

**Swachata Hi Seva-Sabroom :**

সাব্রুম নগর পঞ্চায়েতের উদ্যোগে আজ সাব্রুম শহরে স্বচ্ছতা রেলি, স্বচ্ছতা শপথ বাক্য পাঠ, বৃক্ষরোপণ, স্বচ্ছতা বিষয়ক আলোচনা এবং সাফাই অভিযানের আয়োজন করা হয়। স্বচ্ছতা রেলিতে নগর পঞ্চায়েতের সমস্ত সাফাই কর্মী, বিদ্যালয়ের ছাত্রছাত্রী, নাগরিক সমাজ উপস্থিত ছিলেন। উপস্থিত ছিলেন সাবরুম নগর পঞ্চায়েতের চেয়ারপারসন রমা পোদ্দার দে, ভাইস চেয়ারপারসন দীপক দাস, সাব্রুম মহকুমা ম্যাজিস্ট্রেট শিবজ্যোতি দত্ত প্রমুখ। অনুষ্ঠানে সাব্রুম নগর পঞ্চায়েতের ৭০ জন সাফাই কর্মীকে সম্মাননা জানানো হয়।

***************************

**Ayushman Bharat Rally-Sepahijala :**

সিপাহীজলা জেলা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে আজ বিশ্রামগঞ্জে অনুষ্ঠিত হয় "ওয়াকথন রেলি" ও আয়ুষ্মান রথ পরিক্রমা। এই রেলি ও রথ পরিক্রমায় আশাকর্মী, MPW সহ জেলা স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন স্তরের কর্মীরা অংশগ্রহন করেন। সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত বলেন,

আয়ুষ্মান ভারত প্রকল্প সম্পর্কে জনগণকে আরো সচেতন করতেই এই কর্মসূচির আয়োজন করা হয়েছে। এই প্রকল্পে সিপাহীজলা জেলায় এপর্যন্ত ২ লক্ষাধিক মানুষ অন্তর্ভুক্ত হয়েছেন এবং তারা স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন সুযোগ-সুবিধা পাচ্ছেন।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের সিপাহীজলা, গোমতী, দক্ষিণ এবং ধলাই জেলার দু এক জায়গায় অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

***************************